



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ, ইফটান গার্ডেন রোড

ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd



মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

পসব্য/প্রকা/পরি-২২(অংশ-২)/২০২১-২২/ ৩৮২৬

তারিখ: ৩০/০৫/২০২২

শাখা ব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক, সকল শাখা।

বিষয়: “ পিএসবি মাসিক সঞ্চয় স্কিম ” হিসাবে কিস্তির জমার পরিমাণ বৃদ্ধি প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আমার বাড়ি আমার খামার প্রকল্পের সমিতিসমূহের সদস্যদের সঞ্চয় প্রবণতা বৃদ্ধি করে তাদের অর্থনৈতিক মুক্তির লক্ষ্যে একটি বিশেষায়িত ব্যাংক হিসেবে পল্লী সঞ্চয় ব্যাংকের সৃষ্টি। গ্রাহকদের ঋণের প্রচুর চাহিদা রয়েছে। ঋণের চাহিদা মিটানোর জন্য সরকারি অর্থায়ন ব্যতীত কেবলমাত্র সঞ্চয় বৃদ্ধির মাধ্যমেই বিনিয়োগযোগ্য তহবিল যোগান বৃদ্ধি করা সম্ভব। ব্যাংকের “ পিএসবি মাসিক সঞ্চয় স্কিম ” নামে একটি সঞ্চয় স্কিম রয়েছে। উক্ত স্কিমে হিসাব খোলার বিষয়ে গ্রাহকদের প্রচুর আগ্রহ এবং চাহিদা রয়েছে। গ্রাহকদের চাহিদার বিষয় বিবেচনা করে উক্ত স্কিমে আমানতের সুযোগ বৃদ্ধি করা হয়েছে।


০২। গত ১৩/০৪/২০২২ তারিখে অনুষ্ঠিত পরিচালনা বোর্ডের ৭৮তম সভার নির্দেশনা মোতাবেক পসব্য/প্রকা/হিসাব-৪০/২০১৮-১৯/৫২৬১, ২৫/০৪/২০১৯ স্মারকমূলে পূর্বে জারিকৃত “ পিএসবি মাসিক সঞ্চয় স্কিম (পিএসবি এমএসএস) ” এর নিম্নোক্ত অনুচ্ছেদ সংশোধন করা হলো-

অনুচ্ছেদ নং ৩: হিসাবে মাসিক জমার পরিমাণ	সংশোধিত অনুচ্ছেদ নং ৩: হিসাবে মাসিক জমার পরিমাণ
যথাক্রমে ১০০/-, ২০০/-, ৩০০/-, ৪০০/- এবং ৫০০/-	যথাক্রমে ১০০/-, ২০০/-, ৩০০/-, ৪০০/-, ৫০০/-, ১০০০/-, ১৫০০/-, ২৫০০/- এবং ৩০০০/-

০৩। উক্ত স্কিমে মুনাফার হার পসব্য/প্রকা/হিসাব-৪০/২০১৯-২০/৩৬৩, ৩১/০৭/২০১৯ স্মারকমূলে নির্ধারিত ৭% ই বলবৎ থাকবে।

০৪। সদস্যদেরকে নিয়মিত মাসিক কিস্তি এবং সঞ্চয় জমাকরণে উৎসাহ প্রদান করতে হবে। ব্যাংকের মূল উদ্দেশ্যই হচ্ছে গ্রাহকদের সঞ্চয় প্রবণতা বৃদ্ধি এবং জীবনযাত্রার মান উন্নয়ন করা।

০৫। ব্যাংকের স্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(দীপংকর রায়)
মহাব্যবস্থাপক

পসব্য/প্রকা/পরি-২২(অংশ-২)/২০২১-২২/ ৩৮২৬(৭৭)
সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

তারিখ: ৩০/০৫/২০২২

১. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
২. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৩. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৪. সহকারী মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৫. উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৬. বিভাগীয় প্রধান (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৭. জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সকল জেলা, পল্লী সঞ্চয় ব্যাংক।
৮. অফিস নথি।


৩০-৫
২০২২

(মো: তানভীর হাসান মজুমদার)

সিনিয়র অফিসার

ঋণ ও সঞ্চয় বিভাগ